

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০২২.১১.০০১.২২-৪৪৭

তারিখ ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

২০২৩ সালের সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের হজ গাইড নিয়োগের সাক্ষাৎকার ও নির্বাচিত হজ গাইডদের প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ এর তফসিল-৩ মোতাবেক ২০২৩ সনের সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য হজ গাইড নিয়োগের লক্ষ্যে জেলা প্রশাসকগণের প্রেরিত প্যানেলভুক্ত ব্যক্তিগণসহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে আবেদনকৃত ব্যক্তিবর্গের সাক্ষাৎকার নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে:

তারিখ ও বার	সময়	যে বিভাগের আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে	স্থান
১১ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ মঙ্গলবার	সকাল ১০.০০ টা হতে	ঢাকা, ময়মনসিংহ, সিলেট, চট্টগ্রাম	ইসলামিক ফাউন্ডেশন, ২য় তলা, বায়তুল মোকাররম, ঢাকা
১২ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ বুধবার	সকাল ১০.০০ টা হতে	রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল	

০২। সরকারি ব্যবস্থাপনার চূড়ান্তভাবে নির্বাচিত হজ গাইডদের প্রশিক্ষণ নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

তারিখ ও বার	সময়	স্থান
১৩ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার	সকাল ৯.৩০ টা হতে	হজক্যাম্প, হজ অফিস, আশকোনা, ঢাকা

০৩। সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের নিজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতিসহ আবেদন করতে হবে।

০৪। আবেদন ব্যতীত এবং সাক্ষাৎকারে অনুপস্থিত কেহ হজ গাইড হিসেবে নিয়োগের যোগ্য হবেন না।


২৩.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোনঃ +৮৮০২-৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়.....(সকল)।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম এর সম্মেলন কক্ষ ব্যবহারের অনুমতির অনুরোধসহ)।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৫. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়..... (সকল) (আগামী ৩০.০৩.২০২৩ তারিখের মধ্যে জেলা হজ গাইড প্যানেল প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পিএস টু প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা (পিএসও মহোদয়ের সদয় অবগতি ও সংশ্লিষ্টদের অবহিতকরণের অনুরোধসহ)।

৯. উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. পরিচালক, দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা (ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর ২য় তলা ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন..... (সকল জেলা) তাঁকে সংশ্লিষ্ট জেলার হজ্জ গাইড আবেদনকারীদের জানানোর জন্য অনুরোধ করা হলো।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (উক্ত নোটিশটি www.hajj.gov.bd এ আপলোড এবং বর্ণিত সময়ে কারিগরি সহায়তা প্রদানের জন্য উপযুক্ত ১ জন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪. জনাব
১৫. অফিস কপি।

